২৫ জানুয়ারি, ২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা আইসিটি কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব বকুল চন্দ্র কবিরাজ<br>উপজলা নির্বাহী অফিসার, হিজলা, বরিশাল |
| স্থান | : | উপজলা নির্বাহী অফিসারের সভাকক্ষ, হিজলা, বরিশাল |
| তারিখ ও সময় | : | ২৫ জানুয়ারি, ২০২১ খ্রি.তারিখ বেলা১১:৩০ ঘটিকা |

উপস্থিতি : পরিশিষ্ট – 'ক' দ্রষ্টব্য

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবে সৃষ্ট দুর্যোগকালীন সময়ে সরকার কর্তৃক প্রণীত স্বাস্থ্যবিধি ও শর্তাবলি মেনে দাপ্তরিক কাজ গতিশীল রাখার বিষয়ে সকলকে অনুরোধ করেন। উপজেলা পর্যায়ে তথ্য ওযোগাযোগ প্রযুক্তির বিকাশ ও অধিকতর ব্যবহার এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত আয়োজনের বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। সদস্য সচিব, সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচ্য সূচি সকল সদস্যের নিকট উপস্থাপন করেন।বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহগৃহীতহয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | **উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য:**<br>সহকারী প্রোগ্রামার সভাকে জানান যে, হিজলাউপজেলার বেশিরভাগ দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নেই। সভাপতি উপজেলার সকল ওয়েবসাইট হালনাগাদ করনেরজন্য গুরুত্বারোপ করেন।ওয়েবসাইটহালনাগাদকরনের জন্য অত্র উপজেলার সকল দপ্তর প্রধান এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবরাবরপত্রের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল ওয়েবসাইট সংশ্লিষ্ট দপ্তর নিয়মিত হালনাগাদকরবেন। ওয়েবসাইটহালনাগাদকরনের জন্য অত্র উপজেলার সকল দপ্তর প্রধান এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবরাবরপত্রের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রেরণ করা হবে। কারিগরি সহায়তার জন্য **জনাব মোঃ শরিফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার (অতি. দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, হিজলা, বরিশাল, মোবাইল নম্বর-০১৭২১৬৫৭৯৩০** এর নিকট হতে প্রয়োজনীয় তথ্য ও সহযোগিতা গ্রহণ করা যাবে। | উপজেলা নির্বাহী অফিসার,উপজেলার সকল দপ্তর প্রধান, সহকারী প্রোগ্রামার ও সকল ইউপি চেয়ারম্যান, হিজলা, বরিশাল |
| ২.২ | **উপাজেলা আইসিটি কমিটির সভার অনুষ্ঠান**<br>উপজেলা আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা হয়। | কমিটির সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়েসিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২.৩ | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব রক্ষণাবেক্ষণ/ পরিদর্শন:**<br>সহকারী প্রোগ্রামার সভাকে জানান যে,<br>ক) অত্র উপজেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক আটটি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়। এছাড়াও, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মাধ্যমেচারটিএবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে বেশ কিছু কম্পিউটার ল্যাব অত্র উপজেলায় স্থাপন করা হয়। ল্যাবগুলো শিক্ষার্থী, শিক্ষক এবং স্থানীয় জনসাধারণ ব্যবহার করবে।<br>খ) করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বন্ধ থাকা শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ সকল কম্পিউটার ল্যাব সঠিকভাবে রক্ষণাবেক্ষণ প্রয়োজন।<br>গ) কম্পিউটার ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করা প্রয়োজন।<br>ঘ) শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবে ইউডিসি উদ্যোক্তাদের সহায়তা নিয়ে শিক্ষার্থী, | ১। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বন্ধ থাকা শেখ রাসেল ডিজিটাল/ক্লাসরুম সহ সকল কম্পিউটার ল্যাবে সরবরাহকৃত কম্পিউটার সামগ্রী রক্ষণাবেক্ষণের বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।<br>২। সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারসহ আইসিটি কমিটির সকল সদস্য শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করবেন।<br>৩। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবগুলোতে ইউডিসি উদ্যোক্তাদের সহায়তা নিয়ে শিক্ষার্থী, বেকার যুবক-যুবতীদের কম্পিউটার প্রশিক্ষণ আয়োজনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, ইউডিসি উদ্যোক্তা (সকল) হিজলা, বরিশাল |

| | | | |
|---|---|---|---|
| | বেকার যুবক-যুবতীদের কম্পিউটার প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | | |
| ২.৪ | **মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত:** শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে mmcm.gov.bd-সিস্টেমেতথ্য আপলোড হচ্ছে না। | শিক্ষা প্রতিষ্ঠান খোলার সাথে সাথে মনিটরিং সিস্টেমে নিয়মিত তথ্য আপলোডের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ২.৫ | **ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য:** ক) একসেবায় নিয়মিত তথ্য প্রদান করা প্রয়োজন। সকল ইউডিসি একসেবায় নিয়মিত আয় ও সেবার তথ্য প্রদান না করার কারনে সম্পূর্ণ তথ্য পাওয়া যাচ্ছে না। খ) সকল ইউডিসি থেকে পল্লী বিদ্যুতের বিল গ্রহণসহ মোবাইল ব্যাংকিং এবং বিভিন্ন রকম আনলাইন সেবা যুক্ত করনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) করোনা মহামারীর জন্য ইউডিসি'র আয় ও সেবা প্রদান অনেক কমে এসেছে। সেবার মান ও ইউডিসি আয় বৃদ্ধির জন্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় বাবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। খ) উপজেলার সকল ইউডিসি উদ্যোক্তাকে একসেবাuddokta.eksheba.gov.bdনিয়মিত আয় ও সেবার তথ্য প্রদান করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ ও উদ্যোক্তাগণ। সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ২.৬ | **ই-নথি সংক্রান্ত:** সরকারের নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কাজে দ্রুত গতি, স্বচ্ছতা, জবাবদিহিতা আনায়নের লক্ষে ই-নথি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর অর্থায়নে এবং এটুআই প্রকল্পের কারিগরি সহায়তায় গত ২০১৬-২০১৭ অর্থ বছর থেকে জেলা/উপজেলা পর্যায়ের সরকারি অফিসকে ই-নথি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | প্রশিক্ষণপ্রাপ্ত সকল দপ্তরকে সরকারের নির্দেশনা মোতাবেক দ্রুত এর ব্যবহার শুরু করতে হবে। কারিগরি সহায়তার জন্য **জনাব মোঃ শরিফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার(অতি. দায়িত্ব), হিজলা, বরিশাল, মোবাইল নম্বর-০১৭২১৬৫৭৯৩০** এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও সহকারী প্রোগ্রামার |
| ২.৭ | **জনসেবায় সোশ্যাল মিডিয়ার ব্যবহার:** সোশ্যাল মিডিয়া ব্যবহারের ক্ষেত্রে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের সরকারি নির্দেশনা অনুসরণের বিষয়ে আলোচনা হয়। | সোশ্যাল মিডিয়া ব্যবহারের ক্ষেত্রে অত্র উপজেলার সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯ (পরিমার্জিত সংস্করণ)' অনুসরণ করতে অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধান, হিজলা উপজেলা |
| ২.৮ | **ভার্চুয়াল মিটিং সংক্রান্ত** বর্তমানে করোনা মহামারীর জন্য সকল ধরণের মিটিং ও সেমিনার ভার্চুয়াল প্লাটফর্ম এ "Zoom/Google Meet/Webex Meetings apps"এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে। সুতরাং এই বিষয়ে সকল কর্মকর্তাদের "Zoom/Google Meet/WebexMeetings apps"ইন্সটল ও যথাযথভাবে ব্যবহার জানা প্রয়োজন। | সকল কর্মকর্তাদের "Zoom/Google Meet/Webex Meetings apps"ইন্সটল ও যথাযথভাবে ব্যবহার করে সকল ধরণের মিটিং ও সেমিনার পরিচালনার জন্য অনুরোধ করা হয়। এ সংক্রান্ত যেকোনো সহায়তার জন্য অত্র উপজেলার সহকারী প্রোগ্রামার-এর শরণাপন্ন হওয়ার পরামর্শ দেওয়া হয়। | অর্থায়নে নিজস্ব দপ্তর, সহযোগী প্রকল্প। সহযোগিতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

৩। অতঃপর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বকুল চন্দ্র কবিরাজ)
উপজলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
হিজলা, বরিশাল
☎০৪৩২৪৫৬০০১, ০১৩১৮২৫৬৩৩৬

স্মারক নম্বর: ৫৬.০৪.০৬৩৬.০০০.০৬.০০১.২১.০৩

তারিখঃ ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় সংসদ সদস্য, ১২২ বরিশাল-৪

০২। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা

০৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা

০৪। জেলা প্রশাসক, বরিশাল

০৫। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), বরিশাল

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হিজলা, বরিশাল

০৭। উপজেলা………………………………… কর্মকর্তা, হিজলা, বরিশাল

০৮। জনাব …………………………………………………………………………………………………

০৯। অফিস কপি

২৫/০১/২০২১

(মোঃ শরিফুল ইসলাম)
সহকারী প্রোগ্রামার (অতি. দায়িত্ব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
হিজলা, বরিশাল

☎০৪৩২২-৫৬১০৩ (অফিস), ০১৭২১-৬৫৭৯৩০
✉shariful.islam@doict.gov.bd